

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ১. ১৪. অবিয় ও যারবিয়ামের সৈন্যসংখ্যা

আমরা ইতোপূর্বে দেখেছি যে, শলোমনের মৃত্যুর পরে ইহুদিদের রাজ্য দুটো রাজ্যে বিভক্ত হয়ে যায়। উত্তরে ইসরাইল/ শমরীয়া/ ইফ্রমিয় (Israel/ Samaria/ Ephraimites) রাজ্য ও দক্ষিণে জেরুজালেম কেন্দ্রিক 'যিহুদা/ এহুদা/ এহুদিয়া/ যুডিয়া (Judea, Judaea/ Judah) রাজ্য। বাইবেলের একটা বড় অংশে এ দু রাজ্যের মধ্যকার যুদ্ধবিগ্রহ, গণহত্যা, মূর্তিপূজা, অনাচার ইত্যাদির বর্ণনা লিপিবদ্ধ। এ সকল যুদ্ধের একটা যুদ্ধ ইসরায়েলের রাজা যারবিয়াম বা ইয়ারাবিম (Jeroboam)-এর সাথে এহুদার রাজা অবিয় (Abijah)-এর যুদ্ধ। এ প্রসঙ্গে ২ বংশাবলি/ খান্দাননামা ১৩/৩ ও ১৭ শ্লোকে বলা হয়েছে: 'অবিয় চার লক্ষ বাছাইকৃত যুদ্ধবীরের সঙ্গে যুদ্ধে গমন করলেন এবং ইয়ারাবিম আট লক্ষ বাছাইকৃত বলবান বীরের সঙ্গে তাঁর বিরুদ্ধে সৈন্য রচনা করলেন। ... আর অবিয় ও তাঁর লোকেরা মহাবিক্রমে ওদেরকে সংহার করলেন; বস্তুত ইসরাইলের পাঁচ লক্ষ মনোনীত লোক মারা পড়লো।" (মো.-১৩)

সে যুগের ছোট্ট দুটো 'গোত্র রাজ্য' এহুদা ও ইসরাইলের জন্য উপরের সংখ্যাগুলো অবাস্তব। এ কারণে অনেক অনুবাদে লক্ষকে হাজারে নামিয়ে আনা হয়েছে। 'চারি লক্ষ' পাল্টিয়ে 'চল্লিশ হাজার', 'আট লক্ষ' পাল্টিয়ে 'আশি হাজার' ও 'পাঁচ লক্ষ' পাল্টিয়ে '৫০ হাজার' করা হয়েছে। এ বিকৃতির পরেও এ সকল সংখ্যা অতিরঞ্জন। আপনি কি কল্পনা করতে পারেন যে, সে প্রাচীন যুগে ক্ষুদ্র একটা রাজ্য ৮০ হাজার সৈন্য নিয়ে যুদ্ধে যাবে এবং তাদের মধ্যে ৫০ হাজারই যুদ্ধের মাঠে নিহত হবে? ঐতিহাসিক যুদ্ধগুলোতে কি এমন দেখা যায়?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14154

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন